ICMARD

প্রথম বর্ষ : তৃতীয় সংখ্যা | জুলাই, ২০২৪

# সমবায় কথা

'ইকমার্ড' সমবায় প্রশিক্ষণ কেন্দ্রের ত্রৈমাসিক মুখপত্র

WBSCARDB

"SAMABAY KOTHA" : A quarterly News Bulletin from ICMARD | Issue No. 3 | July 2024

## ৬ জুলাই আন্তর্জাতিক সমবায় দিবসের ভাবনা

**ড. মইনুল হাসান**

'সমবায় গড়বে সকলের জন্য সুন্দর ভবিষ্যৎ'—আন্তর্জাতিক সমবায় দিবসের ২০২৪ সালের ভাবনা। আন্তর্জাতিক সমবায় অ্যালায়েন্স-এর পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে। প্রতিবছর জুলাই মাসের প্রথম শনিবার আন্তর্জাতিক সমবায় দিবস হিসেবে চিহ্নিত করেছে রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভা। ১৯৯৫ সালের একটি আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে দিনটি নির্দিষ্ট করা হয়। আন্তর্জাতিক সমবায় অ্যালায়েন্স-এর শতবর্ষ উপলক্ষে রাষ্ট্রপুঞ্জ সমবায় সংগঠন ও আন্দোলনকে সম্মান জানিয়ে দিনটি ঠিক করা হয়। আন্তর্জাতিক সমবায় সংস্থার নেতৃত্বে তারপর থেকে সারা পৃথিবীতে দিনটি মর্যাদার সঙ্গে পালন করা হচ্ছে। প্রতি বছর আন্তর্জাতিক সংস্থা দিনটির জন্য একটা স্লোগান ঠিক করে। এই বছরে ছয়টি দৃষ্টিকোণ থেকে সমবায় আন্দোলনকে পর্যালোচনা করার প্রস্তাব রাখা হয়েছে

**(ক) প্রগাঢ় এবং টেকসই বৃদ্ধি**

সকলের উন্নতি হলে তবেই সমাজের প্রকৃত উন্নতি হাওয়া সম্ভব। সেই উন্নয়নকে টেকসই হতে হবে। তবেই সমাজের প্রকৃত কল্যাণ হবে। সারা পৃথিবীতে আজ টেকসই বৃদ্ধি নিয়ে আলোচনা হচ্ছে। বৃদ্ধি ঘটাতে প্রাকৃতিক ক্ষতি করা চলবে না। আমরা যেন জলের অপব্যবহার না করি। মাটির তলায় কয়লা আছে। তা একদিন শেষ হয়ে যাবে। সেগুলি যেন প্রয়োজনে ব্যবহার হয়, অপব্যবহার না হয়। সবদিক বিচার বিবেচনা করে প্রাকৃতিক সম্পদ ব্যবহার করলেই টেকসই বৃদ্ধি সম্ভব। সমবায়কে এই কাজে যুক্ত করতে হবে।

**(খ) পরিবেশ রক্ষা ও জলবায়ু পরিবর্তন সম্পর্কে সচেতনতা বাড়ানো**

পরিবেশ কেমন ভয়ংকর অবস্থার মুখোমুখি হয়েছে তা আমরা জলবায়ুর অপ্রত্যাশিত আচরণ দেখলেই বুঝতে পারছি। প্রকৃতির তাপমাত্রা বিভিন্ন জায়গায় বিভিন্ন সময় এমন মাত্রা ছাড়া হয়ে যাচ্ছে যা অতীতে অকল্পনীয় ছিল। গতবছর (২০২৩) একটা অদ্ভুত ঘটনা আমাদের সকলের নজরে এসেছে—সৌদি আরব সহ ওই চত্বরের দেশগুলিতে মার্চ-এপ্রিল মাসে প্রবল বৃষ্টি। জনজীবন বিপর্যস্ত। বিমানবন্দর ভেসে গেছে। রাস্তায় পরিবহন বন্ধ। বিগত ৭৫ বছরে এমন ঘটনার কোন উদাহরণ পাওয়া যাচ্ছে না। ঠিক ওই সময়ে ভারতের পূর্ব প্রান্তে প্রচন্ড তাপমাত্রা, যা সর্বকালীন রেকর্ড ভেঙে দিয়েছে। দুটোই অস্বাভাবিক ঘটনা। সমবায় সংগঠনগুলিকে প্রকৃতির ভারসাম্য রক্ষার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। শুধুমাত্র আমরা কয়েক হাজার গাছ লাগাব—এটাই যথেষ্ট নয়। সেটাকে রক্ষা করতে হবে। একান্ত বাধ্য না হলে কোন গাছ কাটব না।

**(গ) আলোচনা গণতন্ত্র ও সমষ্টিগত মালিকানা**

যেদিন থেকে সমবায় আন্দোলন ও সংগঠন শুরু হয়েছে সেদিন থেকেই এই তিনটি শ্লোগান নির্দিষ্ট হয়ে আছে। সমবায় অর্থাৎ সদস্যদের মধ্যে আলোচনা চালিয়ে যেতে হবে ধারাবাহিকভাবে। সেটা যে কোনভাবেই হোক না কেন। সবার মত এক নাও হতে পারে। সে ক্ষেত্রে গণতান্ত্রিক পদ্ধতি অবলম্বন করে সিদ্ধান্ত নিতে হবে। সমবায় আমাদের সকলের—এই সমষ্টিগত চিন্তা যদি না থাকে, তাহলে সমবায় আন্দোলন গড়ে তোলা খুবই শক্ত।

**(ঘ) শান্তি ও স্থায়িত্ব**

আন্তর্জাতিক ক্ষেত্রে শান্তির লড়াই বছরের পর বছর চলছে। সব মানুষই মূলত যুদ্ধ বিরোধী। রক্তপাতহীন পৃথিবী আমাদের কাম্য। কিন্তু শান্তি কোথায়? বাচ্চাদের স্কুলে বোমা পড়ছে। হাসপাতালে বোমা পড়তে দেখলাম। রক্ত আর রক্ত। আমরা কি রক্তপাত চাই? আমরা শিশুমৃত্যু, সাধারণ মানুষের মৃত্যু চাই? এটা হতেই পারে না। তাই আমাদের সকলকে হিংসা রক্তপাতের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। শুভবুদ্ধিসম্পন্ন সমস্ত মানুষকে এই মতের পক্ষে নিয়ে আসাটা অত্যন্ত জরুরী। সমবায়ীদের নিবিড়ভাবে এই কাজটি করতে হবে।

**(ঙ) পারস্পারিক বোঝাপড়া ও সম্মান**

এই পৃথিবী সুন্দর ও বাসযোগ্য হয়ে উঠবে কিভাবে? শতাব্দীর পর শতাব্দী মানুষ এই চিন্তাতে রত আছে। অনেক সাধারণ সভ্য নিয়ে সমবায় সংস্থা গঠিত হয়। প্রত্যেক সভ্যের মর্যাদা এক। সম্মান এক। অধিকার এক। আমরা যদি একে অপরকে সম্মান না জানাতে পারি, যদি অন্যের মতের প্রতি সহিষ্ণু হতে না

দুই পৃষ্ঠায় ▶▶

## চাই ভোক্তাদের সঙ্গে নিবিড় ও আত্মিক সম্পর্ক

**চিন্ময় গুপ্ত**

ম্যানেজিং ডিরেক্টর, ওয়েবস্কার্ড

পশ্চিমবঙ্গের সমবায় ব্যবস্থায় দীর্ঘমেয়াদি ঋণদানের ক্ষেত্রে দীর্ঘ সময় ধরে যে কঠিন সময় চলছে, তা প্রতিহত করতে হলে একটি সুনির্দিষ্ট পরিকল্পনার প্রয়োজন—তার রূপায়ণে চাই নিষ্ঠা, আন্তরিকতা ও এই ব্যবস্থার সঙ্গে একাত্মতা। দশটা-পাঁচটা কার্যসময় দিয়ে এই ব্যবস্থার সার্বিক পরিবর্তন সম্ভব নয়। ঋণ পরিশোধে মানুষের অনীহা কেন বাড়ছে তা বিশ্লেষণ করতে হবে। ঋণী সদস্য ও সদস্যদের কাছে আমাদের বারবার পৌঁছাতে হবে, তাঁদেরকে সমবায় ব্যবস্থার প্রয়োজনীয়তার কথা বুঝিয়ে বলতে হবে। ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণী সদস্যদের আর্থ-সামাজিক অবস্থা, ঋণ পরিশোধের ক্ষমতা, ঋণের প্রয়োজনীয়তা যথাযথভাবে বিশ্লেষণ করে তবেই ঋণ প্রদান করতে হবে। ভোক্তাদের সঙ্গে নিবিড় সম্পর্ক স্থাপন করতে হবে। তাদেরকে বুঝিয়ে দিতে হবে যে তারা আমাদের আত্মার আত্মীয়। যতক্ষণ পর্যন্ত এই বোধকে আমরা দৃঢ় করতে না পারছি ততক্ষণ পর্যন্ত এই অবস্থার পরিবর্তন সম্ভব নয়। তাই রাজ্যের সমবায় ব্যবস্থায় দীর্ঘমেয়াদি ঋণদান ক্ষেত্রের সঙ্গে যুক্ত সকল কর্মীবন্ধু ও পরিচালক মন্ডলীর মাননীয় সদস্যদের কাছে আমার বিনম্র আবেদন—আমরা যেন আমাদের সকল ভোক্তাদের সঙ্গে নিবিড় সম্পর্ক স্থাপন করতে পারি, তাদের সুখ-দুঃখে যেন বিশ্বস্ত সাথী হয়ে উঠতে পারি। দুরাবগহ গভীরতায় আমাদের অবগাহন করতেই হবে, করুণতম অবস্থার মধ্যস্থতায় মধুরতম পরিবেশ তৈরি করাই হোক আমাদের অভিপ্রেত লক্ষ্য।

দিকে দিকে প্রতিদিন—সমবায়কে ছড়িয়ে দিন। সমবায় ভাবনার বিকাশ ও প্রসার চাই।




আন্তর্জাতিক সমবায় দিবস উদ্‌যাপন—ইকমার্ড ভবন প্রাঙ্গণে সমবায় পতাকা উত্তোলন করছেন ওয়েবস্কার্ড ব্যাঙ্কের বিশেষ আধিকারিক ড. মইনুল হাসান (৬ জুলাই, ২০২৪)

প্রথম বর্ষ : তৃতীয় সংখ্যা | জুলাই, ২০২৪
ICMARD
সমবায় কথা



# ইকমার্ড দ্বারা আয়োজিত প্রশিক্ষণ শিবিরসমূহ

## (১ এপ্রিল থেকে ৩০ জুন, ২০২৪)

### ১। কার্ড ব্যাঙ্কে ঋণ আদায় সংক্রান্ত প্রশিক্ষণ ও আলোচনা শিবির ঃ

এই রাজ্যে দীর্ঘমেয়াদি ক্ষেত্রে ঋণের বিপুল পরিমাণ অনাদায় একটা বড়ো রকমের সমস্যা, এই সমস্ত অনাদায়ী ঋণের আদায়ের জন্য আইনগত ও আনুষঙ্গিক আর কী কী ব্যবস্থা গ্রহণ করা যায়—সেই বিষয়ে ইকমার্ডের পক্ষ থেকে পাঁচটি কার্ড ব্যাঙ্কে পর পর ২ দিন ব্যাপী ৫টি প্রশিক্ষণ কর্মশালা ও আলোচনা সভা আয়োজন করা হয়।

- নদীয়া জেলায় এই কর্মশালা অনুষ্ঠিত হয় কৃষ্ণনগরে জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের সভা কক্ষে। নদীয়া কার্ড ব্যাঙ্কের কর্মীরা ছাড়াও কর্মশালায় রেঞ্জ অফিসের আধিকারিক, কেন্দ্রীয় ব্যাঙ্কের কর্মী এবং কিছু কৃষি সমবায়ের ম্যানেজারও অংশগ্রহণ করেন। কর্মশালায় প্রশিক্ষকের দায়িত্বপালন করেন শ্রী মদন ঘোষ (অবসরপ্রাপ্ত সহ নিবন্ধক) (২৯-৩০ এপ্রিল, ২০২৪)।
- মুর্শিদাবাদে একই ধরনের কর্মশালা আয়োজিত হয় বহরমপুরের জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের সভা কক্ষে। এখানেও মুর্শিদাবাদ এবং কান্দি কার্ড ব্যাঙ্কের কর্মীগণের পাশাপাশি কেন্দ্রীয় ব্যাঙ্কের কর্মী এবং রেঞ্জ অফিসের আধিকারিকগণ অংশগ্রহণ করেন। এই কর্মশালায় প্রশিক্ষকের ভূমিকা পালন করেন শ্রী দেবাশীষ চক্রবর্তী (অবসরপ্রাপ্ত সহ নিবন্ধক)। এই কর্মশালার সমাপন অনুষ্ঠানে ওয়েবস্কার্ড ব্যাঙ্কের বিশেষ আধিকারিক ড. মইনুল হাসান উপস্থিত ছিলেন এবং আলোচনায় অংশগ্রহণ করেন। এই দুই জেলায় ইকমার্ডের পক্ষে কর্মশালা আয়োজন ও ব্যবস্থাপনার দায়িত্বে ছিলেন মহঃ ইনাস উদ্দীন (প্রশিক্ষক, ইকমার্ড) (১৬-১৭ মে, ২০২৪)।
- দক্ষিণ দিনাজপুর ও রায়গঞ্জ কার্ড ব্যাঙ্কের কর্মীদের নিয়ে দুই দিনের এই ঋণ আদায় সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা আয়োজিত হয়েছিল বালুরঘাটে কার্ড ব্যাঙ্কের সভাকক্ষে। এই সভাতেও প্রশিক্ষকের দায়িত্ব পালন করেন শ্রী দেবাশীষ চক্রবর্তী (অবসরপ্রাপ্ত সহ নিবন্ধক), ব্যবস্থাপনার দায়িত্বে ছিলেন শ্রীমতী সঞ্চারী মিত্র (প্রশিক্ষক, ইকমার্ড) (২৪-২৫ জুন, ২০২৪)।
- হাওড়া কার্ড ব্যাঙ্কের কর্মীদের নিয়ে দুই দিন ব্যাপী এই কর্মশালায় প্রশিক্ষকের ভূমিকায় অংশগ্রহণ করেন শুভ রায়, ওয়েবস্কার্ড ব্যাঙ্কের জেনারেল ম্যানেজার (Oprn.) এবং শুভাশিস গুহ (সমবায় উন্নয়ন আধিকারিক)। সামগ্রিক ব্যবস্থাপনা সহ অন্যতম প্রশিক্ষকের দায়িত্ব পালন করেন শ্রী দেবাশীষ দত্ত (ডেপুটি জেনারেল ম্যানেজার, ওয়েবস্কার্ড ও প্রশিক্ষক, ইকমার্ড), (১৫-১৬ জুলাই, ২০২৪)।
- আরামবাগ কার্ড ব্যাঙ্কের খেলাপি ঋণের অবস্থা ও তার আদায়ের আইনি বিধি ব্যবস্থা নিয়ে কর্মী এবং আধিকারিকবৃন্দের আলোচনা ও এক কর্মশালায় অংশগ্রহণ করেন ইকমার্ডের অধ্যক্ষ শ্রী বিবেক সেন এবং প্রশিক্ষক মহঃ ইনাস উদ্দীন (১-২ জুলাই, ২০২৪)।

### ২। হুগলী ব্যাঙ্কে স্বয়ম্ভর গোষ্ঠীর মহিলাদের নিয়ে কর্মশালা ঃ

গত ১৪ ও ১৫ জুন ২০২৪ হুগলী কার্ড ব্যাঙ্কের ধনিয়াখালি শাখায় স্বয়ম্ভর গোষ্ঠীর নেত্রী ও সদস্যদের নিয়ে দুইদিন ব্যাপী একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। ৪০টি গোষ্ঠীর প্রায় ৯০ জন মহিলা এই কর্মশালায় অংশগ্রহণ করেন। এই এলাকার মহিলারা খুবই সক্রিয়। সঞ্চয় এবং ঋণের পরিশোধ যথেষ্ট নিয়মিত। সেলাই, চিকনের কাজ, নানাবিধ শৌখিন অলঙ্কার, মাছের আঁশ থেকে অলঙ্কার তৈরি ইত্যাদি নানাবিধ হাতের কাজ তারা করে থাকেন। উৎপাদিত দ্রব্যের বিপণন, ঋণ পেতে বিলম্ব প্রভৃতি সমস্যার কথা তারা তুলে ধরেন। দুই দিনের এই কর্মশালা পরিচালনা করেন মহঃ ইনাস উদ্দীন। ব্যাঙ্কের সভাপতি শ্রী গিরিধর কর এবং সি.ই.ও শ্রী বিজয় দে আলোচনায় অংশগ্রহণ করেন।

### ৩। হাইটেক এগ্রিকালচার ঃ

কৃষিক্ষেত্রে উন্নত প্রযুক্তির ব্যবহার এবং উন্নতমানের ফসল উৎপাদন প্রভৃতি বিষয়ে কৃষি সমবায় সমিতির কর্মী এবং পরিচালকদের নিয়ে এই প্রশিক্ষণ কর্মশালা আয়োজিত হয় (২৭-২৯ জুন, ২০২৪)। কৃষি ও উদ্যান পালন দপ্তরের আধিকারিক, NCDC এবং নাবার্ডের অভিজ্ঞ আধিকারিকগণ এই কর্মশালায় প্রশিক্ষকের দায়িত্ব পালন করেন। সমাপনী অনুষ্ঠানে অতিথি হিসেবে অংশগ্রহণ এবং শংসাপত্র প্রদান করেন বাংলাদেশ সমবায়ের অবসরপ্রাপ্ত যুগ্ম-নিবন্ধক শ্রী সমীর কুমার ঘোষ। ব্যবস্থাপনায় ছিলেন শ্রীমতী সঞ্চারী মিত্র।

### ৪। স্বয়ম্ভর গোষ্ঠীর বিভিন্ন হাতের কাজের প্রশিক্ষণ ঃ

- হাওড়া জেলার স্বয়ম্ভর গোষ্ঠীর মহিলাদের নিয়ে ৩ সপ্তাহ ব্যাপী জ্যাম, জেলি ও আচার তৈরির একটি হাতে কলমে প্রশিক্ষণের আয়োজন করা হয়। মাইক্রোসিস সংস্থার পরিচালনায় ৩০ জন মহিলা এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। (৩০ মে-২০ জুন, ২০২৪)।
- কাটোয়া-কালনা ব্যাঙ্কের স্বয়ম্ভর গোষ্ঠীর মহিলাদের নিয়ে ৫ সপ্তাহ ব্যাপী একটি বিউটিশিয়ান প্রশিক্ষণ কর্মশালার আয়োজিত হয়েছে। ব্যাঙ্কের কালনা শাখায় ৩০ জন মহিলা এই প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষকের দায়িত্বে ছিলেন শ্রীমতী শম্পা রক্ষিত সেন। (১৯ মে-২২ জুন, ২০২৪)
- শিলিগুড়ির চম্পাসারিতে সিধু-কানু-বিরসা ল্যাম্পসের স্বয়ম্ভর গোষ্ঠীর মহিলাদের নিয়ে তিন দিনের জন্য ফল এবং সবজি সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ বিষয়ে একটি প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। গোষ্ঠীর ৩৫ জন মহিলা অংশগ্রহণ করেন। ইস্টার্ন ইন্ডিয়া অ্যাগ্রো কোঅপারেটিভ সোসাইটির পরিচালনায় সবজী সংরক্ষণের পাশাপাশি মহিলাদের আচার তৈরির প্রশিক্ষণও প্রদান করা হয় (৫-৭ জুন, ২০২৪)।
- বর্ধমান কার্ড ব্যাঙ্কের স্বয়ম্ভর গোষ্ঠীর মহিলাদের নিয়ে ৭ দিনের জন্য মাশরুম চাষ বিষয়ে একটি প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। গোষ্ঠীর ১৭ জন মহিলা এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। বেঙ্গল ফারমার্স ডেভেলপমেন্ট সার্ভিস কোঅপারেটিভ সোসাইটির পরিচালনায় মহিলারা হাতেকলমে মাশরুম চাষের প্রশিক্ষণ গ্রহণ করেন। (০২-১২ জুলাই, ২০২৪)।

তিন পৃষ্ঠায় ▸▸

এক পৃষ্ঠার পর ▸▸ ৬ জুলাই আন্তর্জাতিক সমবায় দিবসের ভাবনা

পারি, তাহলে মর্যাদাবোধ গড়ে উঠবে না। সমবায়ের কর্মকাণ্ডে নিজেকে যুক্ত রাখার সময় আমাদের এই বিষয়গুলিকে সবসময় চর্চার মধ্যে রাখতে হয়।

**(চ) সকলের জন্য বৈচিত্র্য, ন্যায় ও সমতা**

একটা সমাজ তখনই সভ্য হবে, বাসযোগ্য হবে যখন সমাজের সমস্ত বৈচিত্র্যকে গ্রহণ করা হবে। কাউকে উপেক্ষা করে সমাজ এগিয়ে যেতে পারে না। সব বিষয় আমরা যদি নিরপেক্ষ না হই তাহলে সমবায় আন্দোলন প্রকৃতভাবে এগিয়ে যেতে পারে না। আমাদের সমবায়ীদের হতাশ হলে চলবে না। বহু প্রাচীন আন্দোলন এই সমবায় আন্দোলন। আমাদের দেশে অখণ্ড ভারতে সমবায় আন্দোলনের ইতিহাস শতাব্দী প্রাচীন। জাতীয় রাষ্ট্রনেতাদের মধ্যে মহাত্মা গান্ধী, নেতাজী সুভাষচন্দ্র বসু, জহরলাল নেহরু, এ কে ফজলুল হক—সরাসরি সমবায় আন্দোলনের পৃষ্ঠপোষক ছিলেন। আচার্য প্রফুল্ল চন্দ্র রায়, রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম সমবায় আন্দোলন সম্পর্কে ওয়াকিবহাল ছিলেন এবং সমবায় আন্দোলনে বিভিন্ন সময় অংশ নিয়েছেন।

দুই পৃষ্ঠার পর ▶▶ ইকমার্ড দ্বারা আয়োজিত প্রশিক্ষণ শিবিরসমূহ

- মুর্শিদাবাদ জেলার প্রতিনিধি স্থানীয় বেশ কয়েকটি সমবায় সমিতির গোষ্ঠীর মহিলাদের সঙ্গে তাদের উৎপাদিত দ্রব্যের বিপণন নিয়ে ইকমার্ডের প্রতিনিধিদের একটি মুখোমুখি আলোচনা হয়। জেলার ডি.আর.সি.এস শ্রী বিনয় বিশ্বাসের ব্যবস্থাপনায় চুনাখালি সমবায় সমিতির সভাকক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কান্দী মহিলা কো-অপারেটিভ, ফারাক্কার খোদাবন্দপুর, জিয়াগঞ্জ আরবান কো-অপারেটিভ, ইসলামপুর মহিলা সমবায়, সাগরপাড়া, ডাঙ্গাপাড়া, খলিসাপাড়া এবং চুনাখালি সমবায়ের সজনী ও দলনেত্রীরা তাদের বিভিন্ন উৎপাদিত দ্রব্য নিয়ে এসেছিলেন। ইকমার্ডে আগামীতে একটি সেল কাউন্টার চালু করা হবে। সেখানে এইসব দ্রব্যাদি বিক্রয়ের জন্য রাখা যেতে পারে। এছাড়া মহিলাদের কী ধরণের প্রশিক্ষণ প্রয়োজন সেই বিষয়েও আলোচনা হয়। চুনাখালি সমবায়ের সভাপতি এজাজুল শেখ এবং স্বয়ম্ভর গোষ্ঠীর জেলা ফেডারেশন মঞ্জরীর সভানেত্রী শ্রীমতী মিনতি ঘোষ বিশেষ বক্তব্য তুলে ধরেন। ইকমার্ডের পক্ষ থেকে উপস্থিত ছিলেন শ্রীমতী সঞ্চারী মিত্র, মহঃ ইনাস উদ্দীন, শ্রী শুভজিত ঘোষ এবং শ্রী সুখেন্দু শেখর নাথ।

### ৫। উদ্যান পালন বিষয়ক প্রকল্পের প্রশিক্ষণ ঃ

উদ্যান পালনের বিভিন্ন প্রকল্প এবং উদ্যোগে ঋণ প্রদানের নানাবিধ প্রাসঙ্গিক বিষয়ে আলোচনার জন্য বিভিন্ন কার্ড ব্যাঙ্কের ম্যানেজার এবং সুপারভাইজারদের নিয়ে ৩ দিনের এই কর্মশালা আয়োজিত হয়। ওয়েবস্কার্ড ব্যাঙ্কের আধিকারিক সহ উদ্যান-পালন বিভাগের অভিজ্ঞ আধিকারিগণ প্রশিক্ষক হিসাবে অংশগ্রহণ করেন। এই কর্মশালার ব্যবস্থাপনায় ছিলে মহঃ ইনাস উদ্দীন (২২-২৪ এপ্রিল, ২০২৪)।

### ৬। প্রাণীসম্পদ বিষয়ক প্রকল্পের মূল্যায়ন ঃ

বিভিন্ন কার্ড ব্যাঙ্কের ম্যানেজার ও সুপারভাইজারদের নিয়ে তিন দিনের এই কর্মশালায় গাভী পালন, ছাগল পালন এবং হাঁস-মুরগি পালন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কর্মশালার সূচনায় ওয়েবস্কার্ড ব্যাঙ্কের বিশেষ আধিকারিক ড. মইনুল হাসান নতুন ঋণের ক্ষেত্র হিসাবে প্রাণীসম্পদ সম্পর্কিত প্রকল্পগুলির গুরুত্ব তুলে ধরেন। প্রাণীসম্পদ বিভাগের অভিজ্ঞ আধিকারিকগণ কর্মশালায় প্রশিক্ষকের দায়িত্ব পালন করেন। ব্যবস্থাপনার দায়িত্বে ছিলেন মহঃ ইনাস উদ্দীন (২-৪ মে, ২০২৪)।

### ৭। কম্পিউটার ও সফটওয়ারের সমস্যা বিষয়ক কর্মশালা ঃ

ওয়েবস্কার্ড ব্যাঙ্কের কাজকর্ম সম্প্রতি উন্নতর সফটওয়ার চালু করার মাধ্যমে সম্পূর্ণভাবে আধুনিকীকরণ করা হয়েছে। এই নতুন প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে বিভিন্ন সমস্যা এবং অসুবিধা বিষয়ে ব্যাঙ্কের কর্মীদের নিয়ে সারাদিন ব্যাপী একটি বিশদ কর্মশালার আয়োজন করা হয়। সিনারজিক সফটটেক সংস্থার প্রতিনিধি সহ কর্মশালা পরিচালনা করেন ব্যাঙ্কের ডেপুটি জেনারেল ম্যানেজার শ্রী সুমন ভড়। (১০ মে, ২০২৪)।

### ৮। প্যাক্স কম্পিউটারাইজেশন ট্রেনার'স ট্রেনিং ঃ

নাবার্ডের উদ্যোগে ভারত জুড়ে সকল প্যাক্সের জন্য একইরকম সফটওয়ার প্রস্তুত হয়েছে। এই রাজ্যে প্রায় সাড়ে চার হাজার কৃষি সমবায় সমিতিতে কর্মীদের প্রশিক্ষণ প্রদানের উদ্দশ্যে ৫ দিনের এই সফটওয়ারের মাস্টার ট্রেনার তৈরির প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। ইকমার্ডের কম্পিউটার ল্যাবরেটরিতে জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের কর্মী এবং আইটি সলিউশন সংস্থার মোট ৩০ জন মাস্টার ট্রেনার প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে প্রাসঙ্গিক আলোচনা এবং সার্টিফিকেট প্রদান করেন নাবার্ডের আঞ্চলিক অফিসের চিফ জেনারেল ম্যানেজার শ্রীমতী উষা রমেশ। (০৩-০৭ জুন, ২০২৪)

### ৯। ঋণ সংক্রান্ত ডকুমেন্টশন ঃ

ফার্ম, নন-ফার্ম কিংবা আবাসন—ঋণদানের সময় কাগজপত্রের ক্ষেত্রে নানারকম ঘাটতি থাকার সম্ভবনা থাকে। এইসব বিষয়ে বিস্তারিত পর্যালোচনার জন্য তিনদিনের একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়। বিভিন্ন কার্ড ব্যাঙ্কের ম্যানেজার এবং সুপারভাইজারগণ এই কর্মশালায় অংশগ্রহণ করেন। ওয়েবস্কার্ড ব্যাংকের সংশ্লিষ্ট আধিকারিকগণ প্রশিক্ষক হিসাবে অংশগ্রহণ করেন। ব্যবস্থাপনায় ছিলেন শ্রীমতী সঞ্চারী মিত্র। (১০-১২ জুন, ২০২৪)

## COOPERATIVE NEWS AT A GLANCE

### 1. PACS Computerization

The Govt of India has already declared a project for computerization of all the PACS of the country with common software. The NABARD has already developed the software and started steps to train the Master Trainers for the purpose. In West Bengal, about 4167 PACS have been identified for the purpose at the initial stage and 197 numbers of master trainers have already been trained for the purpose from 3rd to 7th June, 2024 at ICMARD and ACMART simultaneously.

### 2. Election of BOD of IFFCO

The first election of IFFCO, after establishment of Cooperative Election Authority (CEA) in 2023, was held during May, 2024. IFFCO, the largest fertilizer producer cooperative in India has about 36,000 numbers of member cooperative societies. The members elected 1,000 number of Representative General Body (RGB) who afterward elected 21 numbers of Directors of the Board. On 10th May, 2024, the Directors elected Shri Dileep Sanghani as the Chairman of IFFCO.

### 3. New MD joined at WBSCB.

Shri Sujan Sarkar, Addl. RCS (WB) has joined as Managing Director of the WB State Cooperative Bank Ltd on 6th July, 2024. He took over charge from Shri Aveek Bhattacharya, Addl. RCS (WB) who was entrusted for both the functions of Special officer and Managing Director simultaneously.

### 4. New MD joined at WBSCARDB.

Shir Chinmoy Gupta, Addl. RCS (WB) has joined as Managing Director of the WB State Cooperative Agriculture and Rural Development Bank Ltd on 1st August, 2024. He took over charge from Shri Manasiz Mukhopadhyay, Addl. RCS (WB) who has joined his new assignment as Secretary, Cooperative Service Commission. Earlier Shri Gupta was posted at Silliguri as Addl. RCS, Northern Zone.

### 5. 'Samabay Kotha' You Tube channel.

The You Tube channel 'Samabay Kotha' has already achieved a popularity among the cooperative sector of this State. Starting on 5th March, 2024, already 15 number of episodes have been uploaded. Various aspects related to cooperative and training viz. horticulture, animal husbandry, FPO, MSME, SHG, Loan documentation and recovery measures have been discussed in the episodes.

### 6. Observation of International Day of Cooperative

On 6th July, 2024 the International Day of Cooperative has been observed at the premise of the ICMARD. Dr. Moinul Hasan, Special Officer of the WBSCARD Bank Ltd hoisted the cooperative flag and described the background and importance of the Day being celebrated internationally.

### 7. Special Tree Plantation Programme of WBSCARDB

A special tree plantation programme was organized by ICMARD on 22nd July, 2024 at Bidhan Shishu Udyan, Salt lake, Kolkata. Dr. Moinul Hasan, Special Officer, Shri Manasiz Mukhopadhyay, Managing Director, WBSCARDB, Shri Bibek Sen, Principal, ICMARD alonwith otherm officers and employees participated in the occasion. In consultation with the Udyan authority, 50 numbers of saplings were planted.

# সমবায় সংবাদ

## কৃষি সমবায়ের আধুনিকীকরণ ঃ

দেশব্যাপী সকল কৃষি সমবায় সমিতির আর্থিক লেনদেন এবং হিসাবরক্ষণ একই পদ্ধতিতে হবে, থাকবে একটাই কমন সফটওয়্যার—কেন্দ্রীয় সরকারের এই নীতিকে সামনে রেখে নাবার্ডের উদ্যোগে এই লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ শুরু হয়েছে। ইতিমধ্যেই সারা দেশের জন্য একটি কমন সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। দেশের ৩০টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৬৭৯৩০টি সমিতি এই উদ্দেশ্যে চিহ্নিত করা হয়েছে। পশ্চিমবঙ্গে আপাতত ৪১৬৭টি সমিতিতে এই সফটওয়্যার প্রয়োগের পরিকল্পনা করা হয়েছে। প্রয়োজনীয় হার্ডওয়্যার প্রদানের পাশাপাশি সমবায় কর্মীদের সফটওয়্যার পরিচালনার প্রশিক্ষণের কাজও শুরু হয়েছে। নাবার্ডের আঞ্চলিক অফিসের সূত্র অনুসারে রাজ্য সমবায় ব্যাঙ্ক, কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক এবং সফটওয়্যার সংস্থার কর্মী মিলিয়ে ৫০ জন মুখ্য প্রশিক্ষক সহ মোট ১৯৭জন মাস্টার ট্রেনার তৈরি করা হবে। ইকমার্ড ও অ্যাকমার্ট মিলিয়ে গত জুন মাসে ইতিমধ্যেই মাস্টার ট্রেনারদের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। জেলাস্তরে তাঁরা প্রশিক্ষক হিসেবে অন্যান্য সমবায় কর্মীদের সফটওয়্যার পরিচালন সম্পর্কে প্রশিক্ষিত করবেন।

## ইফকোতে পরিচালক মন্ডলীর নির্বাচন ঃ

ভারতের বৃহত্তম সার উৎপাদক সমবায় সংস্থা ইফকো। ১৯৬৭ সালে মাত্র ৫৭টি সমবায় সমিতির সদস্যতা নিয়ে সঠিক মূল্যে সঠিক মানের রাসায়নিক সার সমবায় নেটওয়ার্ক-এর মাধ্যমে দেশের সমস্ত কৃষকের কাছে পৌঁছে দেবার অঙ্গীকার নিয়ে ইফকো যাত্রা শুরু করে। প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় মিলে বর্তমানে সদস্য সংখ্যা প্রায় ৩৬,০০০। সারা দেশে ছড়িয়ে থাকা সদস্য সমিতির প্রতিনিধিদের নিয়ে ইফকোর বোর্ড নির্বাচনের সম্প্রতি এক বিশাল কর্মযজ্ঞ অনুষ্ঠিত হয়ে গেল। ভারত সরকারের ২০০২ সালে প্রণীত সমবায় আইন সংশোধন করে গত বছর ২০২৩ সালে একটি সমবায় নির্বাচন অথরিটি গঠিত হয়েছে। সংশ্লিষ্ট সেই অথরিটির নিয়ন্ত্রণে ইফকোর সদস্য সমিতিদের ভিতর থেকে ১০০০ জন ডেলিগেট বা সাধারণ সভার প্রতিনিধি (রিপ্রেজেন্টেটিভ জেনারেল বডি) নির্বাচন করা হয়। পরে এই ডেলিগেটগণ মোট ২১ জন সদস্যের পরিচালকমন্ডলী নির্বাচন করেন। গত ১০ মে ২০২৪ পরিচালক মন্ডলীর সভায় ইফকোর চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন শ্রী দিলীপ সাংঘানি।

## রাজ্যের দুই শীর্ষ ব্যাঙ্কে নবনিযুক্ত ম্যানেজিং ডিরেক্টর ঃ

সম্প্রতি রাজ্যের দুই শীর্ষ ব্যাঙ্কেই নবনিযুক্ত ম্যানেজিং ডিরেক্টর দায়িত্বভার গ্রহণ করেছেন। পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্কের ম্যানেজিং ডিরেক্টর হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন অতিরিক্ত সমবায় নিবন্ধক শ্রী সুজন সরকার। তিনি এর আগে হুগলী জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কে সিইও হিসেবে কর্মরত ছিলেন। গত ৬ জুলাই শ্রী অভীক ভট্টাচার্যের নিকট থেকে তিনি দায়িত্বভার গ্রহণ করেন শ্রী ভট্টাচার্য ব্যাঙ্কের বিশেষ আধিকারিক এবং ম্যানেজিং ডিরেক্টর উভয় পদেরই দায়িত্বপ্রাপ্ত ছিলেন।

গত ১ আগস্ট পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কের ম্যানেজিং ডিরেক্টর হিসেবে যোগদান করেন অতিরিক্ত সমবায় নিবন্ধক শ্রী চিন্ময় গুপ্ত। ইতিপূর্বে তিনি শিলিগুড়িতে উত্তরাঞ্চলের অতিরিক্ত নিবন্ধক হিসাবে কর্মরত ছিলেন। ব্যাঙ্কের পূর্বতন ম্যানেজিং ডিরেক্টর শ্রী মনসিজ মুখোপাধ্যায় কো-অপারেটিভ সার্ভিস কমিশনের সচিব হিসেবে যোগদান করেছেন।

## এফ.পি.ও সমবায় গঠন ঃ

চাষের সময় খরচ বেশি, ফসল উঠলে দাম কমে যায়—কৃষকের উৎপাদিত ফসলের বিপণন সমস্যা ভারতীয় কৃষিক্ষেত্রে এক জ্বলন্ত এবং স্থায়ী প্রতিবন্ধকতা। এই সমস্যা মোকাবিলার জন্য জাতীয় স্তরে এফ.পি.ও, অর্থাৎ কৃষক উৎপাদকদের সংগঠন তৈরি করার প্রকল্প নেওয়া হয়েছিল। নাবার্ড ও এনসিডিসি-র মতো বৃহৎ সংস্থাগুলি মুখ্যত এই সংগঠন তৈরীর দায়িত্ব পালন করছে। প্রথমে এই সংস্থাকে লিমিটেড কোম্পানি হিসেবে গঠন করার নীতি গ্রহণ করা হয়েছিল। পরবর্তীকালে সমবায় সমিতি হিসেবে এই কৃষক সংগঠনগুলিকে নিবন্ধীকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। পশ্চিমবঙ্গে এই এফ.পি.ও সমবায় গঠন ও প্রতিপালনের দায়িত্ব প্রদান করা হয়েছে জাতীয় সমবায় উন্নয়ন কর্পোরেশন বা এনসিডিসির উপরে। আঞ্চলিক অধিকর্তা শ্রী নীলাঞ্জন সিনহা জানিয়েছেন যে মূলত প্যাক্সগুলির সহায়তা নিয়ে তাদের সদস্যদের যুক্ত করেই কৃষকদের আলাদা এই সমবায় গঠনের চেষ্টা চলছে। ব্লক স্তরে অন্তত ৩০০ জন সদস্য নিয়ে একটি করে এফ.পি.ও কো-অপারেটিভ সোসাইটি গঠন করা হবে। সমিতি পরিচালন এবং অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রে তিন বছর পর্যন্ত এনসিডিসি যাবতীয় আর্থিক সহায়তা প্রদান করবে। আপাতত রাজ্যে ৫৯টি ব্লককে এই সমবায় গঠনের জন্য চিহ্নিত করে লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। ইতিমধ্যে ৩০টি এফ.পি.ও সমবায় গঠন করা হয়েছে।

## ইউটিউব চ্যানেল "সমবায় কথা" ঃ

ইউটিউব বর্তমানে একটি শক্তিশালী সামাজিক মাধ্যম। সমবায়ের প্রাসঙ্গিক বিষয়াদি এই মাধ্যমে সমস্ত মানুষের কাছে পৌঁছে দেবার ভাবনা নিয়ে গত মার্চ মাসে ইকমার্ডের পক্ষ থেকে একটি ইউটিউব চ্যানেল "সমবায় কথা" চালু করা হয়। এই পর্যন্ত মোট ১৫টি পর্ব ইউটিউবে আপলোড করা সম্ভব হয়েছে। যেসব বিষয় নিয়ে ইকমার্ডে প্রশিক্ষণ শিবির ও কর্মশালার আয়োজন হয়ে থাকে, মূলত সেইসব বিষয়ের উপরেই প্রাসঙ্গিক আলোচনার উদ্যোগ নেওয়া হয়েছে। ব্যাঙ্কে ঋণ প্রদানের নিয়ম-কানুন, ডকুমেন্টেশন, খেলাপি ঋণ আদায়ে নানারকম আইনি প্রক্রিয়া, স্বয়ম্ভর গোষ্ঠীর প্রতিপালন, তাদের প্রশিক্ষণ, উৎপাদিত দ্রব্যাদির বিপণন, উদ্যান-পালন, প্রাণীপালন ক্ষুদ্র শিল্প স্থাপন ইত্যাদি নানা বিষয়ে সংশ্লিষ্ট অভিজ্ঞ ব্যক্তিগণের সাথে আলোচনা উপস্থাপন করা হয়েছে। ইতিমধ্যে রাজ্যের সমবায় মহলে যেরকম সাড়া পাওয়া গিয়েছে তা যথেষ্টই উৎসাহ ব্যঞ্জক।






Special tree plantation programme–organized by ICMARD on 22nd July, 2024
at Bidhan Shishu Udyan, Salt Lake, Kolkata.
Dr. Moinul Hasan, Special Officer, Shri Manasiz Mukhopadhyay, Managing Director, WBSCARDB,
Shri Bibek Sen, Principal, ICMARD along with other officers and employees.

ICMARD
প্রথম বর্ষ : তৃতীয় সংখ্যা | জুলাই, ২০২৪
সমবায় কথা

# সাফল্য কথা

## হাওড়া কার্ড ব্যাঙ্কে স্বয়ম্ভর গোষ্ঠীর সাফল্য

দীর্ঘমেয়াদি কার্ড ব্যাঙ্কের পক্ষে স্বয়ম্ভর গোষ্ঠী গঠন এবং প্রতিপালন বাস্তবিক কারণেই যথেষ্ট জটিল। জেলায় কার্ড ব্যাঙ্কের শাখা খুব বেশি থাকে না। ব্লকে একটা, কোথাও দুটো-তিনটে ব্লক জুড়ে একটিমাত্র শাখা কাজ করে। ব্যাঙ্কের নিকটবর্তী এলাকা না হলে গোষ্ঠীর মহিলাদের সাথে সংযোগ রক্ষা যেমন কঠিন হয়ে পড়ে, তেমনি ভৌগোলিক কারণেই ২০-২৫ কিলোমিটার দূর থেকে মহিলারা প্রতি মাসে ব্যাঙ্কে টাকা জমা দিতে আসতে অনীহা বোধ করেন। এতোসব প্রতিবন্ধকতার পরেও হাওড়া কার্ড ব্যাঙ্ক ৬৯৪টি গোষ্ঠী গঠন করেছে শুধু নয়, সাফল্যের সাথে তাদের সঙ্গে ঘনিষ্ঠ সংযোগ রক্ষা ও দেখভাল করে চলেছে। গোষ্ঠীর মহিলাদের সঞ্চয়ীকৃত মোট আমানতের পরিমাণ প্রায় ৬ কোটি টাকা। বর্তমানে ৪২১টি গোষ্ঠীর কাছে মোট ঋণের পরিমাণ ৮.৪৪ কোটি টাকা।

ব্যাঙ্কের মুখ্য নির্বাহী আধিকারিক অনিমেষ ভট্টাচার্য জানালেন—২০০৬ সালে ব্যাঙ্কের পরিচালকমণ্ডলী বিশেষ উদ্যোগ নিয়ে উলুবেড়িয়ার আশেপাশে স্বয়ম্ভর গোষ্ঠী গঠনে পদক্ষেপ গ্রহণ করেন। "A strong woman stands up for herself. A stronger woman stands up for every one else"—এই মূল বক্তব্য সামনে রেখে নিবিড় জনসংযোগ ও প্রচারের কারণে দ্রুত এই এলাকায় একশোর অধিক গোষ্ঠী গঠিত হয়ে যায়। এই প্রসঙ্গে ব্যাঙ্কের তৎকালীন চেয়ারম্যান শামসুল হক (বর্তমানে প্রয়াত) এবং বিধায়ক পুলক রায়ের (বর্তমানে মন্ত্রী) নাম বিশেষভাবে উল্লেখ্য। বর্তমানে শুধু উলুবেড়িয়া এলাকাতেই গোষ্ঠীর সংখ্যা ৫২৩। এছাড়া উদয়নারায়ণপুর, শ্যামপুর, আমতা সহ জেলার প্রায় সব ব্লকেই কিছু কিছু গোষ্ঠী আছে।

ব্যাঙ্কে গোষ্ঠীঋণ আদায়ের হার বরাবর ৯০ শতাংশের অধিক ছিল। কিন্তু ইদানীং সেই ৮৩ শতাংশে নেমে এসেছে। সাম্প্রতিক এক কর্মশালায় গোষ্ঠীর নেত্রীরা জানালেন যে একসময় ঋণের পরিশোধিত সুদের একটা অংশ ফেরত পাওয়া যেতো, বেশ কয়েক বছর থেকে সেটি পাওয়া যাচ্ছে না। তাছাড়া পঞ্চায়েতের সংঘ সমবায়ের মেয়েরা মুরগি, ছাগল, ট্রেনিং সহ নানারকম আর্থিক সুযোগ সুবিধা অনেক বেশি পায়। এই কারণে বহু জায়গায় সমবায়ের গোষ্ঠীর প্রতি আগ্রহ কমে আসছে। একাধিক জায়গায় ঋণ পাওয়ার ঘটনা ঘটছে, ফলে পরিশোধের ক্ষেত্রে তার প্রভাব পড়ছে।

ব্যাঙ্কের কর্মীরা জানালেন যে, ভৌগোলিক দূরত্বের সমস্যা কমানোর উদ্দেশ্যে ব্যাঙ্কের শাখা না খুলেও একাধিক জায়গায় গোষ্ঠীর মহিলাদের জন্য একটি ঘোষিত যোগাযোগ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে। ইকমার্ড-এর ব্যবস্থাপনায় মহিলাদের জন্য গারমেন্টস টেলারিং, জ্যাম, জেলি, আচার প্রস্তুতি, বিউটিসিয়ান প্রভৃতি বেশ কিছু স্বনির্ভরতার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাদের উৎপাদিত দ্রব্যাদির বিপণনে যথাসম্ভব সহায়তা করা হচ্ছে। গড়চুমুকে মিনি চিড়িয়াখানার পাশে সরকারি সহায়তায় একটি ২৫ শতক জায়গা পাওয়া গিয়েছে। সমবায় বিভাগের সহায়তায় সেখানে স্বয়ম্ভর গোষ্ঠীর মহিলাদের জন্য বিপণন কেন্দ্র ছাড়াও একটি আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনার প্রয়াস চলছে। সর্বোপরি বর্তমানে ব্যাঙ্কের সাথে গোষ্ঠীর সদস্যদের নিয়মিত সংযোগ রক্ষা জরুরি হয়ে পড়েছে। এই ভাবনা মাথায় রেখে মহিলাদের ভিতর থেকে প্রতিনিধিত্বমূলক নেতৃত্ব বিকাশের লক্ষ্যে সজনী প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পে বর্তমানে ৩০ জন দায়িত্বশীল সজনী তাঁদের নিজ নিজ এলাকার প্রতিনিধি হিসেবে ভূমিকা পালন করে চলেছেন।




সমবায় সমিতি ও সমবায়ে স্বয়ম্ভর গোষ্ঠীর উৎপাদিত বিভিন্ন দ্রব্যাদি ও হস্তশিল্পের বিপণন কেন্দ্র

শীঘ্রই শুরু হতে চলেছে

সংকলিতা

স্বয়ম্ভর গোষ্ঠীর মহিলাদের উৎপাদিত দ্রব্যাদি বিপণনে সহায়তা করার উদ্দেশ্যে
পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক-এর একটি কল্যাণমূলক উদ্যোগ
'সংকলিতা'-য় দ্রব্যাদি বিপণন ও প্রদর্শনে আগ্রহী সমবায় ব্যাঙ্ক, সমিতি ও স্বয়ম্ভর গোষ্ঠীর মহিলারা সরাসরি যোগাযোগ করুন
সুখেন্দু নাথ - 98308 51355

প্রথম বর্ষ : তৃতীয় সংখ্যা | জুলাই, ২০২৪
সমবায় কথা
ICMARD



# এক ঝলকে ২০২৪ সালে ইকমার্ড আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী



ঋণ আদায় সংক্রান্ত কর্মশালা
নদিয়া ডিসিসিবি সভাকক্ষ (২৯-৩০ এপ্রিল, ২০২৪)



ঋণ আদায় সংক্রান্ত কর্মশালা,
মুর্শিদাবাদ ডিসিসিবি সভাকক্ষ (১৬-১৭ মে, ২০২৪)




ঋণ আদায় সংক্রান্ত কর্মশালা,
মুর্শিদাবাদ ডিসিসিবি সভাকক্ষ (১৬-১৭ মে, ২০২৪)




ঋণ আদায় সংক্রান্ত কর্মশালা,
দক্ষিণ দিনাজপুর কার্ড ব্যাঙ্কের সভাকক্ষ (২৪-২৫ জুন, ২০২৪)




ঋণ আদায় সংক্রান্ত কর্মশালা
হাওড়া কার্ড ব্যাঙ্কের সভাকক্ষ (১৫-১৬ জুলাই, ২০২৪)



হুগলি কার্ড ব্যাঙ্কের ধনিয়াখালি শাখায়
স্বয়ম্ভর গোষ্ঠীর মহিলাদের আলোচনা শিবির (১৪-১৫ জুন, ২০২৪)



হাইটেক এগ্রিকালচার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা—শংসাপত্র প্রদানে বাংলাদেশ সমবায়ের
অবসরপ্রাপ্ত যুগ্ম-নিবন্ধক শ্রী সমীর কুমার ঘোষ (২৭-২৯ জুন, ২০২৪)




জ্যাম, জেলি ও আচার তৈরির প্রশিক্ষণ
হাওড়া কার্ড ব্যাঙ্ক (৩০ মে-২০ জুন, ২০২৪)

ICMARD
প্রথম বর্ষ : তৃতীয় সংখ্যা | জুলাই, ২০২৪
সমবায় কথা

# এক ঝলকে ২০২৪ সালে ইকমার্ড আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী



ফল এবং সবজি প্রক্রিয়াকরণ প্রশিক্ষণ,
সিধু-কানু-বিরসা ল্যাম্পস, চম্পাসারি, শিলিগুড়ি (৫-৭ জুন, ২০২৪)



মাশরুম চাষ প্রশিক্ষণ শিবির,
বর্ধমান কার্ড ব্যাঙ্ক (০২-১২ জুলাই, ২০২৪)



মহিলাদের উৎপাদিত দ্রব্যের বিপণন বিষয়ে আলোচনা,
চুনাখালি সমবায় সমিতি, মুর্শিদাবাদ (১৬ মে, ২০২৪)



উদ্যান-পালন প্রকল্প বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা
(২২-২৪ এপ্রিল, ২০২৪)



প্রাণীসম্পদ বিষয়ক প্রকল্পের মূল্যায়ন
(২-৪ মে, ২০২৪ )



নাবার্ড আয়োজিত প্যাক্স কম্পিউটারাইজেশন ট্রেনার্স ট্রেনিং
(০৩-০৭ জুন, ২০২৪)



ঋণ সংক্রান্ত ডকুমেন্টেশন বিষয়ক প্রশিক্ষণ
(১০-১২ জুন, ২০২৪)




ঋণ আদায় সংক্রান্ত কর্মশালা,
আরামবাগ কার্ড ব্যাঙ্কের সভাকক্ষ (১ জুলাই, ২০২৪)

প্রথম বর্ষ : তৃতীয় সংখ্যা | জুলাই, ২০২৪
ICMARD
# সমবায় কথা
শিক্ষা, প্রশিক্ষণ ও তথ্য বিনিময়

## সমবায় জিজ্ঞাসা

জিজ্ঞাসা জানার আগ্রহকে বাড়িয়ে তোলে।
পাঠকবর্গের নিকট অনুরোধ—আপনারা প্রশ্নগুলির উত্তর লিখে পাঠান **৯৬৭৪৯০৫৩৭৩** এই হোয়াটসঅ্যাপ নম্বরে।
*সঠিক উত্তরদাতাদের নাম পরের সংখ্যায় প্রকাশিত হবে।*

১. কাকে ভারতবর্ষে সমবায়ের স্থপতি বলা হয় এবং কেন?
২. ম্যাকলাগান কমিটি কত সালে গঠিত হয়? এই কমিটির মুখ্য সুপারিশ কী ছিল?
৩. ভারতবর্ষে গ্রামীণ সমবায় ব্যাঙ্কগুলি কোন সংস্থার দ্বারা নিয়ন্ত্রিত হয়? এই সংস্থা কবে স্থাপিত হয়? শহরাঞ্চলীয় ব্যাঙ্কগুলির ক্ষেত্রে এই নিয়ন্ত্রণ কোন সংস্থা করে থাকে?
৪. সম্প্রতি রাষ্ট্রসঙ্ঘের সাধারণ সভা কোন বছরকে আন্তর্জাতিক সমবায় বর্ষ হিসেবে ঘোষণা করেছে? এর আগে কোনও বছরকে কি আন্তর্জাতিক সমবায় বর্ষ হিসেবে ঘোষণা করা হয়েছিল? হয়ে থাকলে কোন বছর?
৫. ১৮৪৪ সালে বিশ্বের প্রথম সমবায় সমিতিটি কোন দেশের কোন শহরে কতজন সদস্যকে নিয়ে গঠিত হয়েছিল?
৬. বর্তমান সমবায় আইনের ১৩৪(সি) ধারার তিনটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য উল্লেখ করুন।
৭. একজন সরকারি কর্মচারী কোনও সমবায় সমিতি থেকে ঋণ গ্রহণ করার পর পরিশোধ না করলে তার বেতন থেকে সেই ঋণের কিস্তি কি কেটে নেওয়া যায়? সমবায় আইনের কোন ধারা অনুসারে সেই ঋণ আদায় করা যেতে পারে?
৮. উক্ত ঋণগ্রহীতার ডিডিও কিংবা নিয়োগকর্তা তার বেতন থেকে প্রাপ্য কিস্তি কেটে না দিলে আইন অনুসারে তার বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া যেতে পারে?

## 'সমবায় কথা'-য় বিজ্ঞাপন দিন

আপনার সংস্থার বিজ্ঞাপন দিতে পারেন
'সমবায় কথা' ত্রৈমাসিক নিউজ লেটারে।
হার্ড কপি ছাড়াও সফট কপির মাধ্যমে
সহস্র মানুষের কাছে পৌঁছে যাচ্ছে এই ম্যাগাজিন।

**বিজ্ঞাপনের হার**

| | |
|---|---|
| এক কলম (৯ সেমি × ৯ সেমি) | ২,৫০০ টাকা |
| দুই কলম (১৮ সেমি × ৯ সেমি) | ৫,০০০ টাকা |

ইকমার্ডের পক্ষ থেকে এ বছর এপ্রিল মাস থেকে শুরু হয়েছে সাপ্তাহিক ইউটিউব চ্যানেল **'সমবায় কথা'**।
চ্যানেলটি দেখুন, মতামত দিন এবং অবশ্যই লাইক, সাবস্ক্রাইব ও শেয়ারের মাধ্যমে আরও বহু মানুষের কাছে বার্তাগুলি পৌঁছে দিন।
**ইউটিউব চ্যানেলের লিংক**
https://www.youtube.com/@Somobaykotha-ICMARD

### সমবায় সংবাদ পাঠান

সমবায় বিভাগীয় অফিস, ব্যাংক ও অন্যান্য সমবায় প্রতিষ্ঠানের নিকট অনুরোধ
**উল্লেখযোগ্য সাফল্যের কথা লিখে পাঠান**
এই ইমেল আইডিতে ঃ **samabaykotha@gmail.com**

'সমবায় কথা'-র সাফল্য কামনা করি—

পুঞ্জীভূত লাভে থাকা দীর্ঘমেয়াদী ঋণ দাদনে
পশ্চিমবঙ্গের প্রথম সারির সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক

# তমলুক সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক লিঃ

| পুলক গায়েন | শশাঙ্ক শেখর ঘাঁটা | সত্যরঞ্জন সাহু |
|---|---|---|
| মুখ্যনির্বাহী আধিকারিক | সহ-সভাপতি | সভাপতি |

'SAMABAY KOTHA' : Quarterly Bulletin published & owned by Institute of Cooperative Management for Agriculture & Rural Development (ICMARD)
Block-14/2,C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata-700 067,Email : icmard.training@gmail.com & Printed by ACME Enterprise, Kolkata-700 009
Chief Editor : Bibek Sen, Principal, Addl. RCS, Executive Editor : Md. Inasuddin, Faculty Member (Ex. Addl. RCS)
Assistant Editor : Sanchari Mitra, Faculty Member (AGM)
Contact : 8637093638, 9674995849, Email : samabaykotha@gmail.com
Website : www.icmard.org